



০৮ মার্চ ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

সমাজে নারীর প্রতি বৈষম্য দূর করার জন্য সুপ্রীমকোর্টের নির্দেশনা প্রতিপালনের পাশাপাশি সর্বস্তরের জনগণকে এগিয়ে আসতে হবে

আজ নারীর প্রতি সকল প্রকার বৈষম্য নিরসনে উচ্চ আদালতের নির্দেশনা বিষয়ক আলোচনায় আলোচকগণ সুপ্রীমকোর্টের নির্দেশনা বাস্তবায়ন সহ নীতি নির্ধারকদের কার্যকর পদক্ষেপ গ্রহণ করার উপর গুরুত্ব আরোপ করেন। পাশাপাশি সমাজের সর্বস্তরের জনগণকে এ বিষয়ে এগিয়ে আসার অনুরোধ জানানো হয়। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আজ ঢাকার বিশ্ব সাহিত্য কেন্দ্রে ব্লাস্ট আয়োজিত আলোচনায় বক্তাগণ এ বিষয়গুলো তুলে ধরেন।

অপ্রয়োজনীয় সিজার বন্ধ, ধর্ষণের শিকার নারীর দুই অঙ্গুলী পরীক্ষা নিষিদ্ধকরণ মামলা, মুসলিম বিয়ের কাবিননামায় নারীর প্রতি বৈষম্যমূলক কলাম সংশোধন, পাবলিক প্লেসে ব্রেস্ট ফিডিং কর্ণার স্থাপন সংক্রান্ত চারটি মামলার প্রেক্ষিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবী ব্যারিস্টার রাশনা ইমাম, এডভোকেট আইনুন্নাহার লিপি, ব্যারিস্টার শারমিন আক্তার ও আইনজীবী ইশরাত হাসান আলোচনা করেন। এই আলোচনা পর্ব সঞ্চালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহকারী অধ্যাপক তাসলিমা ইয়াসমিন এবং সভাপতিত্ব করেন ব্লাস্ট ট্রাস্টি বোর্ডের সদস্য ও হাইকোর্ট বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি আ ফ ম আবদুর রহমান।

আলোচনায় অংশগ্রহণকারীরা বলেন, ন্যায় বিচার নিশ্চিত করার জন্য আমাদের ফৌজদারি বিচার ব্যবস্থায় বিজ্ঞান ভিত্তিক তদন্ত প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। তাছাড়া এসব নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন করতে হবে। উক্ত আলোচনায় সমাজে নারীর প্রতি বৈষম্য দূর করার জন্য বিভিন্ন মামলায় সুপ্রীমকোর্ট যে সকল নির্দেশনা প্রদান করেছেন তা প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকল সরকারী ও বেসরকারী কর্তৃপক্ষকে কাজ করার এবং নিয়মিত মনিটরিং বাড়ানোর সুপারিশ করেন আলোচকগণ।

বার্তা প্রেরক:

আসমা উল হোসনা

কমিউনিকেশন স্পেশালিষ্ট, ব্লাস্ট

মোবাইল নং: ০১৭১২-১৪৬৯৪২

ইমেইল: asma@blast.org.bd